

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০২৩.১৮-২৯৮

তারিখ: ১৭.০৭.২০১৯খ্রি.

বিষয়: কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন অশ্বদিয়া আজিজিয়া বালিকা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আবদুল করিম (ইনডেক্স নং-৩০৯২৬১) এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) অশ্বদিয়া আজিজিয়া বালিকা দাখিল মাদ্রাসার আবেদন

তারিখ: ২৮.০৯.২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন অশ্বদিয়া আজিজিয়া বালিকা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আবদুল করিম (ইনডেক্স নং-৩০৯২৬১) সাময়িক বরখাস্ত থাকাকালীন সেপ্টেম্বর/২০১০ খ্রি. তারিখ হতে ৩০ শে জুন/২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ১২,০৯,১৯০/- (বার লক্ষ নয় হাজার একশত নব্বই) টাকা বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, বিগত ২০১০ ইং সনে বিভিন্ন সমস্যার কারণে মামলা মোকাদ্দমার সৃষ্টি হয়। পরবর্তীতে আদালতের রায় ও ডিক্রির আলোকে মাদ্রাসার কমিটি সুপার জনাব মো: আবদুল করিমকে স্বপদে পুনঃবহাল করে।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপার, অশ্বদিয়া আজিজিয়া বালিকা দাখিল মাদ্রাসাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইলঃ adfinance.dme@gmail.com

সুপার,
অশ্বদিয়া আজিজিয়া বালিকা দাখিল মাদরাসা।
ডাক: দরবেশপুর, উপজেলা: চৌদ্দগ্রাম, জেলা: কুমিল্লা।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
- ৫। সভাপতি, অশ্বদিয়া আজিজিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাক: দরবেশপুর, উপজেলা: চৌদ্দগ্রাম, জেলা: কুমিল্লা।
- ৬। অফিস কপি।